

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.১১৬.০০.০০.০০৪.২০১৩-

তারিখঃ ১৩-০৬-১৪২১ বাং
২৮-০৯-২০১৪ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


বিষয়ঃ ০৪ বছর মেয়াদী বেসিক-বিএসসি ইন নার্সিং কোর্স শেষে ০৬ (ছয়) মাসের ইন্টার্নশীপ (Internship)
চালুসহ ভাতা মঞ্জুর।

আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সেবা পরিদপ্তরের আওতায় বিভিন্ন নার্সিং কলেজের ০৪ বছর মেয়াদী বেসিক বিএসসি ইন নার্সিং কোর্সের ছাত্র-ছাত্রীদের কোর্স শেষে ০৬ (ছয়) মাসের ইন্টার্নশীপ চালুর অনুমোদনসহ মাসিক ৬,০০০/- (ছয় হাজার) টাকা হারে ইন্টার্নশীপ ভাতা প্রদানের নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। ২০১৪-২০১৫ অর্থ বছর হতে পরবর্তী সময়ের জন্য ইন্টার্নশীপ কার্যক্রমের ভাতা হিসাবে প্রদেয় অর্থ ২৭১৬- সেবা পরিদপ্তর প্রধান কোড এর ৪৭৫৭- ইন্টার্নশীপ/শিক্ষানবীশ ভাতা উপ কোড হতে মিটানো হবে।

০৩। ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত এবং কোর্স সমাপ্ত ছাত্র-ছাত্রীদের থেকে ইন্টার্নশীপ চালু এবং জুলাই, ২০১৪ হতে ইন্টার্নশীপ ভাতা প্রদেয় হবে।

০৪। এতে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের সম্মতি রয়েছে। অর্থ বিভাগ, প্রবিধি অধিশাখা-৩ এর ২৭-০৪-২০১৪ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬২.০২৯.১৪-৬৫ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতির আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।




(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৭৭৯.

নং-৪৫.১৫৮.১১৬.০০.০০.০০৪.২০১৩-

তারিখঃ ১৩-০৬-১৪২১ বাং
২৮-০৯-২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৩(তিন) কপি অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অধিশাখা-৩ এ প্রেরণ করা হ'ল। এর মধ্যে ০১(এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সি,জি,এ ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট এবং ০১ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

নং-০৭.০০.০০০০.১৭৩.৬২.০২৯.১৪.-

তারিখঃ - ১৪২১ বাং
- ২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০১(এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সি,জি,এ ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হ'ল। এতে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

উপসচিব
প্রবিধি অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং-৪৫.১৫৮.১১৬.০০.০০.০০৪.২০১৩-

০০৭/২(৩)

তারিখঃ ১৩-০৬-১৪২১ বাং
২৮-০৯-২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং)/(আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল,।
- ৪। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪/১৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা (সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হ'ল)।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগ,
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অধ্যক্ষ, নার্সিং কলেজ,
- ৮। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব